দৈনিক বাংলা

তারিখ ... 27/5/83 ...
পৃষ্ঠা ... কলাম ...

111

## শিক্ষানীতি সম্পর্কে ব্যাখ্যা

গতকাল এক শ্রেণীর সংবাদপত্রে শিক্ষামন্ত্রীর বরাত দিয়ে শিক্ষানীতি সংক্রান্ত যে প্রতিবেদন প্রকাশিত হয়েছে, সে সম্পর্কে শিক্ষা মন্ত্রণালয়ের একজন মুখপাত্র নিম্নোক্ত ব্যাখ্যা দান করেছেন :

সরকার শিক্ষাকে সব সময়েই বিতর্কের ঊর্ধ্বে রাখতে আগ্রহী। একটা স্বাধীন দেশের উপযোগী শিক্ষানীতি প্রণয়নে সরকার সকল মহলের সহযোগিতা কামনা করেন। সরকার দৃঢ়ভাবে বিশ্বাস করেন যে বিভিন্ন মহল—বিশেষ করে বুদ্ধিজীবী ও সাংবাদিকদের মতামত ছাড়া এ ব্যাপারে কোন সিদ্ধান্ত গ্রহণ করা সমীচীন হবে না।

এ ব্যাপারে প্রকৃত অবস্থা হচ্ছে এই যে এখনও পর্যন্ত আনুষ্ঠানিকভাবে শিক্ষানীতি প্রণয়ন করা হয়নি। শিক্ষা মন্ত্রণালয় থেকে প্রকাশিত রূপরেখার ওপর ভিত্তি করে প্রশ্নমালা বিতরণের মাধ্যমে জনমত যাচাই করা হচ্ছে।

সরকার আরও মনে করে যে দেশের বৃহত্তর স্বার্থে শিক্ষাঙ্গনগুলোকে রাজনীতি থেকে দূরে রাখা উচিত।

খবর, তথ্য বিবরণীর।